**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৪.০০৫.২০২২-৩৭৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩০ / ২১ নভেম্বর ২০২৩

বিষয় : ২০২৩-২৪ বছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে গত ৩১ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

২১/১১/২০২৩

(প্রত্যয় হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ;
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
৬। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ ।

দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা;
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
৩। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা;
৪। রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা;
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা;
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

বিষয় : স্থানীয় সরকার বিভাগের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ৩১ অক্টোবর, ২০২৩

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই সভাপতি জানান যে, ত্রৈমাসিক সমন্বয় সভার মূখ্য উদ্দেশ্য হচ্ছে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সাথে সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার মধ্যে সমন্বয় সাধন করা এবং এ বিভাগ হতে প্রদত্ত অনুমোদন ও আদেশ/নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে কি-না তা পর্যালোচনা করে সুপারিশ প্রদান ও সিদ্ধান্ত গ্রহণ করা। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ বিষয়াদি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) এর সঞ্চালনায় ৩০ জুলাই, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৩) সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারো কোন আপত্তি আছে কিনা তা জানতে চাওয়া হয়। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন কিংবা আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি):**<br><br>(০১) সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উন্নয়নমূলক কাজ পরিদর্শনের জন্য সদর দপ্তর পর্যায়ে ২০টি পরিদর্শন টিম সক্রিয় রয়েছে। এছাড়া, বিভাগীয় পর্যায়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আঞ্চলিক পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ, মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা প্রকৌশলীগণ নিয়মিত প্রকল্প পরিদর্শন করেন।<br><br>এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত এলজিইডি'র ২০টি পরিদর্শন টিম ৩৫০টি স্কীম পরিদর্শন করেন। যার মধ্যে ত্রুটিপূর্ণ স্কীমের সংখ্যা ২১টি, সংশোধন হয়েছে ১৫টি এবং ত্রুটি সংশোধন প্রক্রিয়াধীন ৬টি।<br><br>প্রকল্প পরিচালকগণ এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ৪৩০টি স্কীম পরিদর্শন করেন। যার মধ্যে ত্রুটিপূর্ণ স্কীমের সংখ্যা ৬০টি, সংশোধন হয়েছে ৪৮টি | (১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের পূর্ত কাজের গুণগতমান নিশ্চিতকল্পে সরেজমিনে পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত ও জোরদার করতে হবে।<br><br>(২) যে সমস্ত প্রকল্পের কাজ ১০০% বা পূর্ণাঙ্গভাবে সমাপ্ত হয়েছে, সে সমস্ত প্রকল্পের Disbursement Link Indicator (DLI) রিপোর্ট এ বিভাগে প্রেরণ করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ এবং এলজিইডি |

| | | | |
|---|---|---|---|
| | এবং ত্রুটি সংশোধন প্রক্রিয়াধীন ১২টি।<br><br>বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ৭৫টি স্কীম পরিদর্শন করেন। যার মধ্যে ত্রুটিপূর্ণ স্কীম ১৫টি। ত্রুটি সংশোধন হয়েছে ১০টি, সংশোধন প্রক্রিয়াধীন আছে ৫টি।<br><br>অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ১৭০টি স্কীম পরিদর্শন করেন। যারমধ্যে ত্রুটিপূর্ণ স্কীম ৫২টি, ত্রুটি সংশোধন হয়েছে ৪০টি এবং ত্রুটি সংশোধন প্রক্রিয়াধীন আছে ১২টি।<br><br>মহাপরিচালক (পমূপ) জানান যে, দপ্তর/সংস্থা পর্যায়ের সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত বিরূপ মন্তব্য স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে পুনরায় যাচাই করা প্রয়োজন।<br><br>স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক (পমূপ) সভাকে অবহিত করেন যে, যে সমস্ত প্রকল্পের কাজ ১০০% বা পূর্ণাঙ্গভাবে সমাপ্ত হয়নি সে সমস্ত প্রকল্পের Disbursement Link Indicator (DLI) রিপোর্ট যেন এ বিভাগে প্রেরণ করা না হয়। শুধু মাত্র ১০০% বা পূর্ণাঙ্গভাবে সমাপ্তকৃত প্রকল্পের DLI এ বিভাগে প্রেরণ করতে হবে। | | |
| | (২) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৯ চূড়ান্তকরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত বিধিমালার বিরুদ্ধে মহামান্য আদালতে মামলা চলমান থাকায় বিধিমালাটি অনুমোদন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের বিলম্ব হচ্ছে। | (৩) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৯ অনুমোদন এবং শূন্য পদ পূরণ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ |
| ২.২ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই):**<br><br>প্রধান প্রকৌশলী জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২' প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত (সচিব কমিটি) সভায় উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণ করা হয়েছে। উক্ত কমিটির সভা অনুষ্ঠানের পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | (৪) 'জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২' অনুমোদন সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২.৩ | **জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি):**<br><br>মহাপরিচালক, এনআইএলজি বলেন যে, চলতি | (৫) এনআইএলজি'র প্রশিক্ষণসহ ক্যালেন্ডার অনুসারে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি প্রয়োজনে | এনআইএলজি |

| | | | |
|---|---|---|---|
| | ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৭৫০০ জনকে প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গত এপ্রিল, ২০২৩ হতে জুন, ২০২৩ পযন্ত বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১৬৪৫৯ জন জনপ্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর, ২০২৩ পযন্ত ৩,৭১১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন, মূল্যায়ন, ডকুমেন্টেশন কার্যক্রমের জন্য বর্তমানে ERP সফটওয়্যারের ব্যবহার করা হচ্ছে। | ডিজিটাল প্রশিক্ষণসহ ERP সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে। | |
| ২.৪ | **রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন:**<br><br>রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় সভাকে জানান যে, সেবা সহজীকরণের লক্ষ্যে নতুন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। পূর্বের সকল উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। নাগরিকের চাহিদা ও নিবন্ধন কার্যালয় হতে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে সেবা সহজীকরণের নতুন নতুন আরো উদ্যোগ গ্রহণ করা হবে।<br><br>জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে কোন সমস্যা উদ্ভুত হলে কারিগরি টিম ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে তার সমাধান করা হচ্ছে। এটি একটি চলমান প্রক্রিয়া।<br><br>ইতোমধ্যে প্রায় সকল নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছে। তবে মোবাইল অ্যাপস তৈরির কার্যক্রম আপাতত স্থগিত আছে। সিস্টেম ও সার্ভার শক্তিশালী হওয়ার পর এ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। পেমেন্ট গেটওয়ে চালু করা হয়েছে। | (৬) দেশের সকল নাগরিকের জন্ম ও মৃত্যু সনদ প্রদান কার্যক্রম প্রয়োজনে আরো সহজীকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় |
| ২.৫ | **মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত ও নির্দেশনা প্রতিপালন:**<br><br>(১) প্রস্তাবিত "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০২২" এর খসড়া বিল মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নীতিগত অনুমোদনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ১০/০১/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে।<br><br>(২) মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৬/৫/২০২৩ তারিখে খসড়া আইনের কয়েকটি ধারা সংশোধনের সুপারিশ করে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন। তার পরিপ্রেক্ষিতে ২০/৬/২০২৩ তারিখে ৫৮৬ নং স্মারকে নির্ধারিত সুপারিশ মোতাবেক সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | (০৭) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের নির্দেশনার আলোকে আইন/বিধি সংশোধন করে স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট পদনাম ও পদবিসমূহ দ্রুত পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ এবং ইউনিয়ন পরিষদ অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সিটি কর্পোরেশনের 'সচিব' পদনামটি 'নির্বাহী কর্মকর্তা' পদনামে পরিবর্তনসহ বেশ কিছু ধারা ও তফসিল সংশোধনকল্পে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২৩' এর খসড়া গত ০৯-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে নীতিগত অনুমোদন প্রদান করা হয়। উক্ত আইনের খসড়া বিল ভেটিং প্রদানের লক্ষ্যে গত ১১.১০.২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং প্রাপ্তির পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | | |
| ২.৬ | **বেসরকারি বাজার ব্যবস্থাপনা এবং ইমারত নির্মাণ প্রবিধিমালা:**<br><br>(ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা) প্রবিধানমালা, ২০২২' এর প্রজ্ঞাপন গত ২২ ডিসেম্বর ২০২২ তারিখে জারি করা হয়েছে এবং তা গত ১২ জানুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।<br><br>(খ) 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ভূমি উন্নয়ন, ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণ প্রবিধান, ২০২২' চূড়ান্ত করার লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৮ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত প্রবিধানের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে মতামত সংগ্রহ করা হয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রাজউক এর মতামতের আলোকে প্রবিধানমালাটি প্রণয়নের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে | (০৮) সিটি কর্পোরেশন বাজার ব্যবস্থাপনা নীতিমালা ইমারত নির্মাণ বিধিমালা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ২.৭ | **বিবিধ :** | | |
| | (ক) সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ বাস্তবায়ন: সভাকে অবহিত করা হয় যে, পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি শুধু মাত্র সিটি কর্পোরেশন এলাকাভুক্ত নয়; ইহা স্থানীয় সরকার বিভাগের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থার সাথে সংশ্লেষ রয়েছে। সিটি কর্পোরেশনের পাশাপাশি উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ হতে তথ্য সংগ্রহ করা প্রয়োজন। ইতোমধ্যে দেশব্যাপী 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচির আওতায় এ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানভিত্তিক সমন্বিত ১১ (এগারো) টি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য/প্রতিবেদন ১১(এগারো)টি সিটি কর্পোরেশন (ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, | (০৯) "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কর্মসূচির উৎপত্তি ও ক্রমবিকাশ উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | সিলেট, খুলনা, গাজীপুর, রাজশাহী, বরিশাল, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন) হতে পাওয়া গিয়েছে। একই বিষয়ে এ বিভাগের ১৯ অক্টোবর ২০২৩ তারিখের ১২০০ নং স্মারকমূলে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | | |
| | **(খ) রাষ্ট্রীয় সম্পদ ব্যবহারে মিতব্যয়ী হওয়া:**<br><br>সরকারি নির্দেশনা অনুসারে রাষ্ট্রীয় সম্পদ ব্যবহারে সর্বক্ষেত্রে মিতব্যয়ী হওয়ার উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | (১০) রাষ্ট্রীয় সম্পদ ব্যবহারে সর্বক্ষেত্রে মিতব্যয়ী হতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ |
| | **(গ) বকেয়া বিল পরিশোধ :**<br><br>সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার নিকট গ্যাস ও বিদ্যুৎ বিল এবং পৌরকর বকেয়া রয়েছে। অপরদিকে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের নিকট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর বকেয়া রয়েছে। বকেয়া গ্যাস ও বিদ্যুৎ বিল এবং পৌরকর নিয়মিত পরিশোধ না করায় বকেয়ার পরিমাণ দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। এ সকল বিল নিয়মিত পরিশোধ করা জরুরী। | (১১) পরবর্তী সভায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার বকেয়া বিদ্যুৎ ও গ্যাস বিল এবং পৌরকর সংক্রান্ত তথ্য উপস্থাপন করা যেতে পারে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা |
| | **(ঘ) এডিপি'র অর্থছাড় :**<br><br>অর্থ মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসারে চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার অনুকূলে অর্থছাড় সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | (১২) নির্ধারিত সময়ের মধ্যে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থার অনুকূলে চলতি অর্থবছরের এডিপি'র বরাদ্দ অনুসারে অর্থছাড় নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ |
| | **(ঙ) তেজগাঁও সার্কেল অফিস চত্তরে স্থানীয় সরকার ভবন নির্মাণ:**<br><br>ঢাকার ধোলাইপাড়ে অবস্থিত তেজগাঁও সার্কেল অফিস চত্বরে বাংলাদেশ সরকারের পক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মালিকানায় ২.৩২ একর ভূমি রয়েছে। সার্কেল অফিসের ভবনটি জরাজীর্ণ হওয়ায় সেখানে একটি বহুতল 'স্থানীয় সরকার ভবন' নির্মাণের জন্য সভায় আলোচনা হয়। ভবনে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বিত প্রশাসনিক অফিসসহ অডিটরিয়াম, সভাকক্ষ, লাইব্রেরি, মিউজিয়াম ও অন্যান্য পরিষেবা একত্রিত করে একটি | (১৩) ঢাকার ধোলাইপাড়ে অবস্থিত তেজগাঁও সার্কেল অফিস চত্বরে বাংলাদেশ সরকারের পক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মালিকানায় ২.৩২ একর ভূমিতে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বিত প্রশাসনিক অফিসসহ অডিটরিয়াম, সভাকক্ষ, লাইব্রেরি, মিউজিয়াম ও অন্যান্য পরিষেবা একত্রিত করে একটি মাল্টিপারপাস ভবন এবং বর্তমান জলাধারটিকে সংস্কারপূর্বক পরিবেশবান্ধব ও | এলজিইডি |

| | | | |
|---|---|---|---|
| | মাল্টিপারপাস ভবন এবং বর্তমান জলাধারটিকে সংস্কারপূর্বক পরিবেশবান্ধব ও দৃষ্টিনন্দন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এরূপ উন্নয়ন কাজ এলজিইডি'র মাধ্যমে সম্পাদন করা যায় মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | দৃষ্টিনন্দন করার বিষয়ে সমীক্ষাসহ প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য এলজিইডি-কে দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়। | |
| | (চ) **অডিট আপত্তি:**<br><br>সভাকে অবহিত করা হয় যে, Audit Management and Monitoring System (AMMS-2.0) সফট্ওয়্যারে স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ৩৬৪৪০টি এসএফআই অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। প্রকৃতপক্ষে বেশ কিছু অডিট আপত্তি নিষ্পত্তি হয়ে গেছে। যা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক স্থানীয় সরকার অডিট অধিদপ্তর /Foreign Aided projects Audit Directorate এর সাথে reconciliation করলে অডিট আপত্তি সংখ্যা কমে আসবে ও প্রকৃত অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা নিশ্চিত হওয়া যাবে। | (১৪) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক স্থানীয় সরকার অডিট অধিদপ্তর/Foreign Aided projects Audit Directorate এর সাথে reconciliation এর মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের সঠিক সংখ্যা নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা |

০৩। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।১১।২০২৩

মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ